

(প্রেস বিজ্ঞপ্তি)

১২ জানুয়ারী'২০২৩খ্রি.

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে শুভেচ্ছা জানালেন মেয়র রেজাউল

রেকর্ড পঞ্চম এবং টানা চতুর্থবারের মতো সরকার গঠন করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফুলেল অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

শুক্রবার (১২ জানুয়ারি) বঙ্গবন্ধুর প্রতিকৃতি ও জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদনের পর গণভবনে বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ফুলেল শুভেচ্ছা জানান মেয়র রেজাউল।

এসময় মেয়র রেজাউল প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে স্মার্ট বাংলাদেশ গড়ে উঠবে বলে আশাবাদ ব্যক্ত করেন এবং চট্টগ্রামের উন্নয়নকে প্রাধিকার দেয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে চট্টগ্রামের জনগণের পক্ষে ধন্যবাদ জানান।

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ইশতেহারে ২০৩০ সালের মধ্যে দেশে দেড় কোটি নতুন কর্মসংস্থান সৃষ্টির যে প্রতিশ্রুতি আওয়ামী লীগ দিয়েছে, প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেয়া আড়াই হাজার কোটি টাকার চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আওতায় এয়ারপোর্ট রোডসহ বিভিন্ন সড়ক উন্নয়ন ও গুরুত্বপূর্ণ অবকাঠামোগত উন্নয়ন প্রকল্পসহ চট্টগ্রামের বিভিন্ন প্রকল্পের কারণে এ লক্ষ্যমাত্রা অর্জনে চট্টগ্রাম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আশা প্রকাশ করেন মেয়র রেজাউল।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যে ক্ষুধামুক্ত-দারিদ্রমুক্ত বাংলাদেশ গড়ার স্বপ্ন দেখিয়েছেন তা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাস্তবায়িত হবে বলে মন্তব্য করেন একাত্তরে বঙ্গবন্ধুর ডাকে রণাঙ্গনে যুদ্ধ করা বীর মুক্তিযোদ্ধা মেয়র মো. রেজাউল করিম চৌধুরী।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮